প্রাথমিক ইংরেজি (প্রথম – অষ্টম)

লিখন প্রক্রিয়ার উন্নয়ন এবং নিরীক্ষণ

Developing and monitoring writing

ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

http://creativecommons.org/licenses/

TESS-ইন্ডিয়া (টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট(-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস (OERs)-এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে। এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছে যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।

ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs সহযোগীতামূলক ভাবে ভারতীয় এবং আন্তর্জাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/) I OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERsকে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।

TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।

ভিডিও সম্পদসমূহ

এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে: *। এর অর্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।*

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড করা যায়। অন্যথায় আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।

সংস্করণ 1.0 EE14v1
West Bengal

তৃতীয় কেষর উ াদানগুলি বা অন্যথায় বর্ণিত না হলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উ লব্দ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/

TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government

এই ইউনিটের বিষয়বস্তু

এই ইউনিটটি সেই কৌশলগুলি নিয়ে যেগুলি আপনি আপনার শ্রেণিকক্ষে শিক্ষার্থীদেরকে লিখতে উৎসাহিত করার জন্য ব্যবহার করতে পারেন। এই এককের ফোকাস হল আপনার শিক্ষার্থীদেরকে চিন্তা ভাবনা প্রসূত লেখা– এবং কোন বিষয়ের খসড়া তৈরি করায় সহায়তা করা। অবশ্যই বানান, হাতের লেখা এবং যতিচিহ্নের ধারনা দেওয়াও গুরুত্বপূর্ণ। কিন্তু যখন শিক্ষার্থীরা কী লিখতে হবে তাদের সেই ধারণা নিয়ে খসড়া বানায় এবং রচনা করে, তখন তারা একই সময়ে যান্ত্রিক দক্ষতাগুলি অভ্যাস করে ।

পড়ার উদ্দেশ্যেই লেখা হয়, কাজেই লিখনে মনোনিবেশ করা সর্বদাই পাঠেও মনোনিবেশের উপরও জোর দেবে। যখন আপনি এবং আপনার শিক্ষার্থীরা লিখন নিয়ে কথা বলছেন, তখন আপনি তাদের মৌখিক ভাষার দক্ষতাও উন্নত করছেন।

এই ইউনিটে আপনি কী শিখতে পারেন

- আপনার শিক্ষার্থীদের উপযোগী রচনা এবং প্রতিলিপিকরনের কাজ শনাক্ত করতে পারা।
- আপনার শিক্ষার্থীদের জন্য সক্রিয়তাভিত্তিক কাজের খসড়া রচনা করা।
- আপনার শিক্ষার্থীদের ইংরেজি বানান করার প্রচেষ্টা মূল্যায়ন করতে পারা।

1 রচনা এবং প্রতিলিপিকরণ

লিখনের দুটি মূল পদ্ধতি: রচনা এবং প্রতিলিপিকরণ – এই বিষয়টি একটি সক্রিয়তাভিত্তিক কাজের মধ্যে দিয়ে চিন্তা করতে শুরু করুন ।

যে কোন ভাষায় লিখনের মধ্যে অন্তর্গত থাকে মনের ভিতর থেকে চিন্তা গ্রহণ করা এবং সেগুলিকে কাগজে লেখা। লিখনের প্রধান দুটি দিক আছে:

- **রচনা:** একটি লেখকের ভূমিকা যার মধ্যে ধারণা গ্রহণ করা, লিখিত বিষয়ের গঠন কী হবে (কবিতা, গল্প, প্রতিবেদন, রন্ধনপ্রণালী, কোনো নির্দেশাবলী ইত্যাদি), লিখিত বিষয়টি কারা এবং কেন পড়বে সেই সিদ্ধান্ত নেওয়া অন্তর্ভুক্ত থাকে। রচনার এক গুরুত্বপূর্ণ অংশ হল খসড়া তৈরি করা। কোন কিছু লেখার প্রথম প্রচেষ্টা কদাচিৎই নিখুঁত হয়।
- **প্রতিলিপিকরণ :** এক সম্পাদকীয় ভূমিকা যার মধ্যে কীভাবে লেখাটি উপস্থাপন করা হচ্ছে তার প্রতি নজর দেওয়া অন্তর্গত থাকে যাতে অন্যরা এটি পড়তে এবং বুঝতে পারে। এর মধ্যে হাতের লেখা, বানান, যতি চিহ্নের প্রয়োগ এবং সাধারণ গঠনবিন্যাসের মত দৃষ্টিভঙ্গিগুলিও অন্তর্ভুক্ত থাকে। প্রতিলিপিকরণে, লেখক একটি চূড়ান্ত খসড়া থেকে একটি সম্পূর্ণ লিখিত অংশে কাজ করতে পারেন।

যখন শিক্ষার্থীরা ইংরেজি বা অন্য যে কোন ভাষায় লেখা শুরু করে, তখন তারা একই সময়ে রচনা এবং প্রতিলিপিকরণ নিয়ন্ত্রণ করা, এবং দুটির প্রতিটিই সমান ভালোভাবে সম্পাদন করা কঠিন বোধ করতে পারে। যখন শিক্ষার্থীরা কোন লিখিত অংশের জন্য ধারণা সংগ্রহ করায় মনোযোগ দেয়, তখন তারা সংশ্লিষ্ট শব্দগুলি সঠিকভাবে বানান নাও করতে পারে; যখন তারা বানান সঠিক করায় মনোযোগ দেয়, তখন কোন গল্প বা কবিতার জন্য তাদের ধারণাগুলি কম সৃষ্টিশীল হতে পারে।

চিন্তার জন্য সাময়িক বিরতি

- যখন আপনি আপনার শিক্ষার্থীদেরকে ইংরেজিতে লেখা শেখান, তখন প্রধান ফোকাস কোনটি থাকে- রচনা না প্রতিলিপিকরণ?

- আপনি কি লক্ষ্য করেছেন যে শিক্ষার্থীরা রচনা এবং প্রতিলিপিকরণ উভয়ই নিয়ন্ত্রণ করা শক্ত বোধ করে? শেখানোর কোন্ কৌশলগুলি আপনি তাদেরকে এটি অতিক্রম করতে সাহায্য করার জন্য ব্যবহার করবেন?
- আপনি আপনার শিক্ষার্থীদেরকে লেখায় তাদের ধারণাগুলির খসড়া করতে কী কী সুযোগ দিয়ে থাকেন?

কেস স্টাডি 1-এ, একজন শিক্ষক রচনা এবং খসড়া করায় নজর দিয়েছেন।

কেস স্টাডি 1: শ্রী সত্যজিৎ খসড়া তৈরিতে উৎসাহিত করেন

শ্রী সত্যজিৎ–এর বন্ধু শ্রী সত্যম ব্যাঙ্গালোরের বাইরের একটি গ্রামের বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদেরকে ইংরেজি শেখান। তিনি তার ছাত্রদের এইভাবে ইংরাজী শেখান––

আমি বোর্ডে একজন মানুষের একটি ছবি এঁকেছিলাম। শিক্ষার্থীরা কী ভাবছে তা বুঝতে আমি কয়েকটি প্রশ্ন জিজ্ঞাসা করলাম, যেমন 'তিনি কে?' এবং 'তিনি কোথায় থাকেন?' আমি লোকটির রূপরেখা নিয়ে আরো প্রশ্ন করার জন্য শিক্ষার্থীদেরকে উৎসাহিত করলাম। তারা তাদের নিজস্ব ভাবনা বলল যেমন 'তিনি কী কাজ করেন?' এবং 'তিনি কী পছন্দ করেন?'

তারা সিদ্ধান্ত নেয় যে ছবিটি হয়তো বিদ্যালয়ের রাঁধুনী, রমেশের হবে। আমি শিক্ষার্থীদেরকে কীভাবে প্রশ্নগুলির উত্তর করতে হবে সেই সিদ্ধান্ত নিতে বলি। আমি তাদের প্রস্তাবগুলির কয়েকটি সেই ছবিটির চারপাশে লিখি।

তারপর, আমি তাদেরকে তাদের নিজস্ব বাক্যগুলি তাদের খাতায় লিখতে বলি [চিত্র 1]। এই খসড়াগুলি থেকে, শিক্ষার্থীরা রমেশের বর্ণনা লিখেছিল।



চিত্র 1, শ্রী সত্যমের শিক্ষার্থীদের রমেশ সম্পর্কে লেখার একটি নমুনা

চিন্তার জন্য সাময়িক বিরতি

- শিক্ষার্থীরা রমেশ সম্পর্কে যে বাক্যগুলি লিখেছিল সেগুলি সতর্কভাবে দেখুন। যদিও শ্রেণিটি উত্তরগুলি একসাথে আলোচনা করেছিল, তবে প্রতিটি শিক্ষার্থী রমেশ সম্পর্কে সামান্য আলাদাভাবে লিখেছিল। এটি আপনাকে তাদের ইংরেজিতে লেখার ক্ষমতা সম্পর্কে কী বলে?
- শ্রী সত্যম তাদের খসড়া লেখায় কেন শুধু স্বল্পতম সংশোধন করেছিলেন বলে আপনি মনে করেন?
- শ্রী সত্যম কীভাবে এই কার্যকলাপে রচনা এবং প্রতিলিপিকরণের সামর্থের ভারসাম্য রক্ষা করেছিলেন?

শ্রী সত্যম শিক্ষার্থীদেরকে স্বাধীনতা দিবস উদযাপন সম্পর্কে লিখতে তাদের ধারণাগুলির খসড়া তৈরিতে সাহায্য করতে এক অনুরূপ পদ্ধতি ব্যবহার করেছিলেন। তিনি তাদেরকে একটি রেখাচিত্র দিয়েছিলেন এবং তাদেরকে প্রতিটি বাক্সের জন্য বাক্যগুলিকে লিখতে দিয়েছিলেন (চিত্র 2)।

চিত্র 2 স্বাধীনতা দিবস সম্পর্কে শ্রী সত্যমের প্রশ্নগুলি

আপনি কি মনে করেন যে আপনি এই রেখাচিত্রটি শিক্ষার্থীদেরকে অন্যান্য বিষয় সম্পর্কে লেখা শুরু করাতে ব্যবহার করতে পারবেন?

প প্রাথমিক শিক্ষা পর্ষদ:ব:প্রণীত Butterfly-Book-4 Lesson-4–এ অনুরূপ অ্যাক্টিভিটি উপলব্ধ আছে।

অ্যাক্টিভিটি 1: খসড়া তৈরিতে উৎসাহদান- একটি পরিকল্পনামূলক অ্যাক্টিভিটি

কেস স্টাডি 1-এ শ্রী সত্যমের উদাহরণটিকে একটি নির্দেশক হিসাবে নিয়ে, আপনার শিক্ষার্থীদের জন্য একটি খসড়া রচনার অ্যাক্টিভিটি পরিকল্পনা করুন।

বিষয়টি আপনার পাঠ্যবই থেকে, বিজ্ঞান বা ইতিহাসের মত কোন বিষয় বা বাস্তব-জীবনের কোন পরিস্থিতি থেকে নিতে পারেন। আপনি শিক্ষার্থীদেরকে ইংরেজিতে বাক্যের খসড়া করতে সাহায্য করার জন্য মৌখিকভাবে নির্দেশ দিতে পারেন বা চিত্র 2 -এর মত কোন রেখাচিত্র ব্যবহার করতে পারেন।

খসড়া তৈরিতে, নজর রচনার বিষয়ের উপর কেন্দ্রীভূত থাকবে, প্রতিলিপিকরণের উপর নয়। আপনার শিক্ষার্থীদেরকে বলুন তাদের উচিত প্রথমে ক্রমানুসারে সাজানো এবং গঠনের উপর মনোনিবেশ করা, এবং পরে তারা বানান এবং উপস্থাপনার উপর কাজ করতে পারে।

তাদের খসড়াগুলি থেকে, পরের পাঠের পরিকল্পনা করুন যেখানে শিক্ষার্থীরা উন্নতি করবে এবং তাদের লেখা শেষ করবে।

2 মতামত দেওয়া

শিক্ষার্থীদের লেখার উপরে মতামত দেওয়ার সময়, একবারে একটি বা দুটি ক্ষেত্রের উপর নজর কেন্দ্রীভূত করুন। এটি নিশ্চিত করবে যে তারা অতি-সংশোধনের দ্বারা নিরাশ হচ্ছে না বা অত্যন্ত বেশি মতামতের দ্বারা চাপা পড়ে যাচ্ছে না। প্রথম কোন খসড়ায় মতামত দেওয়ার সময়, শিক্ষার্থীর রচনার প্রচেষ্টাকে প্রশংসিত করা গুরুত্বপূর্ণ। শিক্ষার্থীর কাছে কি একটি গল্পের জন্য ভালো ধারণা ছিল? শিক্ষার্থীটি কি আকর্ষণীয় সংলাপ লিখেছিল? শিক্ষার্থীটি কি একটি প্রতিবেদনের প্রধান বিষয়গুলি লেখার কথা মনে রেখেছিল? শিক্ষার্থীটি কি ইংরেজিতে লেখার জন্য ভালোমত প্রচেষ্টা করেছিল?

প্রতিলিপিকরণের উপর মতামতের জন্য, তাদের খসড়াগুলিকে প্রতীক দিয়ে চিহ্নিত করুন এবং সেগুলির অর্থ কি তা পুরো শ্রেণির সাথে আলোচনা করুন। চিত্র 3-এ উদাহরণগুলি দেখানো হল।

Symbol	Meaning	Incorrect
P	Punctuation	P I live work, and go to school in Lucknow.
⌒	Close space	Every one works hard.
SP	Spelling	SP The maneger is a woman.
PL	Plural	PL Apple are the most nutritious fruit.
∅	Unnecessary word	The student she studies all the time.
O	Missing word	Please don't me that question anymore.

চিত্র 3 মতামতের জন্য প্রতীকগুলি

এমনকি যদি আপনার শ্রেণিটি বড় হয়, তাহলেও সব শিক্ষার্থীর প্রতি আপনার আলাদা মতামত দেওয়া গুরুত্বপূর্ণ। কোন বিষয়ে মতামত বা মন্তব্য দেওয়ার একটিমাত্র উপায় নেই। মনে রাখা প্রয়োজন যে লেখার প্রতি মতামতটির এক ইতিবাচক মনোভাব সৃষ্টি করা উচিত। পরের কেস স্টাডিতে, একজন শিক্ষক অবশ্যই সিদ্ধান্ত নেবেন কীভাবে কোন শিক্ষার্থীর লেখার উপরে মতামত দিতে হবে।

শিক্ষার্থীদের অগ্রগতি রেকর্ড করা এবং মূল্যায়ন করার পদ্ধতিগুলি সম্পর্কে আরো জানতে ব্যবহারিক সম্পদ 1, 'নিরীক্ষণ এবং মতামত দান' দেখুন।

কেস স্টাডি 2: শ্রীমতি আফরিন শ্রুতিলিখনের মূল্যায়ন করেন

শ্রীমতি আফরিন একটি সরকারী বিদ্যালয়ে পড়ান যেখানে সব শিক্ষার্থীই প্রথম প্রজন্মের ।

আমি শিক্ষার্থীদেরকে পাঠ্যবই থেকে শ্রুতিলিখন দিয়েছিলাম। যখন শিক্ষার্থীরা তাদের কাজগুলি আমার হাতে দিল, আমি এগুলোর পর্যালোচনা করলাম এবং দেখলাম যে একটি দশ বছরের মেয়ে 'পেনসিল', 'রাবার' এবং 'বক্সেস' বানানগুলি নিম্নলিখিত ভাবে লিখেছে:

- pensl
- rubr
- bokss.

আমার প্রথম প্রতিক্রিয়া ছিল এই ভুলগুলি ঠিক করে দেওয়া। কিন্তু আমি দেখলাম যে মেয়েটি ইংরেজি শব্দগুলির প্রথম উচ্চারণ জানে। সে ব্যঞ্জনবর্ণগুলি চিনতে পেরেছে, এবং সে জানে যে কিছু শব্দ একটি বড় হাতের অক্ষর দিয়ে শুরু হয়। কিন্তু এখনো সে ব্যঞ্জনবর্ণের মাঝে থাকা ইংরেজি স্বরবর্ণগুলিকে আলাদা করতে পারছে না। আমি দেখেছিলাম সে বানান করার এক ভালোরকম প্রচেষ্টা করতে তার ইংরেজির মৌখিক জ্ঞান ব্যবহার করছে, যদিও এটা লেখায় সর্বদা ঠিক হচ্ছিল না, যেমনটা 'x' -এর জন্য 'k' এবং 'c'-এর 's' ব্যবহার করায় তা বোঝা যাচ্ছে। আমি সিদ্ধান্ত নিয়েছিলাম সে তার বর্তমান ইংরেজি অক্ষর এবং ধ্বনি বোঝাপড়ার উপরে ভিত্তি করে লেখায়

ভালো রকম প্রচেষ্টা করছে।

আমি তার প্রচেষ্টার প্রশংসা করেছিলাম। কিন্তু আমি তাকে আরো সতর্কভাবে তার লেখা পড়তে এবং একটি অভিধান ব্যবহার করে তার বানান পরীক্ষা করতে বলি। আমি তাকে আরো পড়তে উৎসাহ দিই, কারণ সে ইংরেজিতে যত বেশি পড়বে, তার ইংরেজি বানান লেখার ক্ষমতা ততই ভালো হয়ে উঠবে।

আমি লেখায় ভুল উপেক্ষা করি না, এবং আমি শিক্ষার্থীদেরকে মতামত দিই এবং সংশোধন করে দিই। কিন্তু আমি দেখতে চেষ্টা করি তাদের ভুলভ্রান্তিগুলি কীভাবে আমাকে তাদের চিন্তার পদ্ধতি এবং উন্নতির স্তর নিয়ে ইঙ্গিত প্রদান করছে। তাদের ভুলভ্রান্তিগুলি আমাকে এর পরে কী পরিকল্পনা করতে হবে তা দেখায়।

অ্যাক্টিভিটি 2: ভুল এবং মূল্যায়ন

লেখায় ভুলগুলিকে সার্বিকভাবে এভাবে শ্রেণিবিভক্ত করা যেতে পারে:

- 'অর্থহীন ভুল' বা এমন কিছু সামান্য ভুল যা একবার শিক্ষার্থীদেরকে দেখিয়ে দেওয়া হলে তারা নিজেরাই সংশোধন করে নিতে পারে।
- বোধের ঘাটতি জনিত ভুল যা শিক্ষার্থীরা নিজে সংশোধন করতে পারে না এবং যেটি শিক্ষকদের দ্বারা ব্যাখ্যা করে দেওয়া প্রয়োজন।
- ত্রুটিপূর্ণ প্রচেষ্টা যেখানে শিক্ষার্থীরা কিছু করার চেষ্টা করে কিন্তু ভুল করে, কারণ তাদের এখনো প্রয়োজনীয় ভাষাগত দক্ষতা বা জ্ঞান নেই।

শিক্ষার্থীদের দ্বারা লিখিত দুটি অংশ দেখুন (চিত্র 4 এবং 5) তারা কি 'অর্থহীন ভুল', 'ভুল বোঝা' বা 'প্রচেষ্টার' লক্ষণ দেখিয়েছে? আপনি কীভাবে 'রচনা' (লেখক) এবং 'প্রতিলিপিকরণের' (সম্পাদক) ধারণাগুলির উপরে নির্ভরশীল লেখাগুলিকে মূল্যায়ন করবেন যা আপনি এই ইউনিটের প্রায় শুরুতেই পড়েছেন? আপনি প্রত্যেক শিক্ষার্থীকে উৎসাহজনক মতামত দিতে কী বলবেন? আপনার বিদ্যালয়ের অন্যান্য শিক্ষকদের সাথে এই উদাহরণগুলি নিয়ে কথা বলুন এবং মূল্যায়ন ও মতামত দানের জন্য আপনার ধারণাগুলির তুলনা করুন।


1. I happy all day in my life
2. I feel comfortable in this week
3. I ~~happ~~ am so happy To play soccer every day.
4. I am so sad when I angry.
5. I hurt myself last week.

চিত্র 4 একটি নয় বছরের ছেলেকে নিজের সম্পর্কে পাঁচটি বাক্য লিখতে বলা হয়


The story that I read was very impressive.
This talk about how is gone the life of this family
go in this city. This little boy tell about his brother
and sister and were the other persons of the family
work. Their grandmother, grandfather, father, uncles and
aunt worked in the same place. From the continuing of story
look like their mother is gone to fight or broke up with
their father because he tell that his future stepfather work
in the Wester Book Distribution. He also describe his town,
The roads and the different kind of industry.

চিত্র 5 একটি 12 বছরের মেয়েকে তার পড়া একটি বইয়ের প্রথম অধ্যায় সম্পর্কে একটি অনুচ্ছেদ লিখতে বলা হয়

যখন শিক্ষার্থীরা ইংরেজিতে লেখে এবং কথা বলে তখন তারা কোন কোন সময় ইংরেজি শব্দ বাদ দিয়ে যায় যদি তাদের নিজেদের মাতৃ ভাষায় সেই শব্দগুলির ব্যবহার না হয়, যেমন ‘a’, ‘the’ বা ‘an’-এর মত article। শিক্ষার্থীদের সাথে অন্যান্য ভাষার তুলনায় ইংরেজির ভাষার বাক্যের ভিন্ন গঠন সম্পর্কে কথা বলার জন্য এই সুযোগটির সদ্ব্যবহার করুন।

বহুভাষী মানুষরা প্রায়ই তাদের কথা বলা এবং লেখায় ভাষা মিশিয়ে ফেলেন- এটি বিশ্বের সর্বত্র প্রচলিত। এমন বহুভাষী শিক্ষার্থীদেরকে আমন্ত্রণ করার দ্বারা আপনি এই প্রবণতাটি শিক্ষার্থীদের কাছে স্পষ্ট করে তুলতে পারেন।

তাদের নিজের ভাষায় একটি বিষয় সম্পর্কে কথা বলতে ঘরে ব্যবহৃত ভিন্ন উপভাষা বা ভাষা, বা তাদের নিজের ভাষায় লেখা এবং সেটিকে পড়া বা পুরো শ্রেণির কাছে দেখানো। আপনার মন্তব্য করা বা অন্যান্য শিক্ষার্থীদের মন্তব্য করতে না দেওয়ার জন্য আপনার সতর্ক হওয়া প্রয়োজন। উদ্দেশ্যটি অবশ্যই হওয়া উচিত শিক্ষার্থীদের নিজেদেরকে দেখতে দেওয়া, যে ভাষা মিশ্রিত করে ফেলা স্বাভাবিক এবং মাঝে মধ্যে ইংরেজির ব্যবহার করাটা তাদের ইতিমধ্যে জানা অন্য যে কোন ভাষার ব্যবহার করার মতই। শিক্ষার্থীদের নিজের ভাষাগুলিকে ইংরেজি শ্রেণিতে নিয়ে আসে এমন অ্যাক্টিভিটি তাদের ইংরেজি বলায় সংকোচ ভাব কাটাতে এবং আমাদের দেশের সমৃদ্ধ বহুভাষাবাদ উদযাপন করতে অনেকাংশে সাহায্য করে।

ভিডিও: নিরীক্ষণ ও মতামত প্রদান

3 লিখন উদ্বুদ্ধ করতে পাঠ করা

শিক্ষার্থীরা যত বেশি ইংরেজি শুনবে এবং ইংরেজিতে পাঠ করবে, ততই তাদের ইংরেজিতে লেখা ভালো হবে। যখন আপনি শিক্ষার্থীদের ইংরেজিতে কথা বলতে এবং পড়তে শেখাচ্ছেন, তখন আপনি তাদেরকে ইংরেজিতে লিখতেও শেখাচ্ছেন। একবার শিক্ষার্থীরা পড়তে শুরু করলে, তারা লিখতে শুরু করতে পারে। একবার তারা লিখতে পারলে, তাদের নিজস্ব এবং অন্যদের লেখা পড়তেও চাইবে। শেষ কেস স্টাডিতে, শিক্ষকটি এই প্রক্রিয়াটিকে উদ্বুদ্ধ করতে নতুন উপায়ের চেষ্টা করেছেন।

কেস স্টাডি 3: শ্রী ভট্টাচার্য্য লিখনে উদ্বুদ্ধ করতে পড়া দিয়ে শুরু করেন

এটি হেমরাজ ভট্টাচার্য্য, এক সরকারী বিদ্যালয় শিক্ষকের দ্বারা লিখিত একটি প্রবন্ধ থেকে নেওয়া অংশ।

বর্ণমালা দিয়ে শুরু করে শিক্ষার্থীদের সেগুলিকে লিখে 'মুখস্থ' করানোর পরিবর্তে শিক্ষার্থীদেরকে সরাসরি ইংরেজি শব্দ এবং বাক্যের সঙ্গে পরিচিত করানোর সাথে সাথে আমাদের নতুন পাঠ্যবই এক নতুন দিক উন্মুক্ত করতে চলেছিল। লেখার প্রতি কোন বিশেষ গুরুত্ব দেওয়া হত না। পরিবর্তে, শিক্ষার্থীদের ইংরেজি শোনা, পড়া এবং কথা বলার সুযোগ দেওয়া হত। আগে, পাঠ্যবইগুলির প্রথম ছয় থেকে আট পাতা প্রাসঙ্গিক ছবিসহ ইংরেজি বর্ণমালার উদ্দেশ্যে নিয়োজিত থাকত। এইভাবেই ইংরেজি বর্ণমালা লেখা দিয়ে বই শুরু করার প্রথা নতুন বইয়ে ভাঙার দরকার হয়েছিল। একজন প্রথাসিদ্ধ শিক্ষক হওয়ায়, কীভাবে শিক্ষার্থীরা বর্ণমালা লেখার আগে ইংরেজি শব্দ পড়তে সমর্থ হবে তা কল্পনা করা আমার পক্ষে কঠিন হয়েছিল।

প্রদত্ত প্রশিক্ষণটিতে উপস্থিত থাকার পরে, আমি পরীক্ষা নিরীক্ষা করার সিদ্ধান্ত নিই। আমি কিছু পুরোনো ইংরেজি সংবাদপত্র ও শিক্ষার্থীদের পত্রিকা আমার শিক্ষার্থীদের মাঝে বিতরণ করে দিই যাতে প্রত্যেকেই কমপক্ষে তিনটি পাতা দেখতে পারে। আমি বোর্ডে একটি ইংরেজি শব্দ লিখি। উদাহরণস্বরূপ, কোন নির্দিষ্ট শিক্ষার্থীর নাম জয় পাল। আমি তার নামটি বোর্ডে লিখি। এখন, জয় পালকে হয়তো তাকে দেওয়া সংবাদপত্রে 'J', 'A', 'I', 'P' এবং 'L' অক্ষরগুলি খুঁজে পেতে হবে এবং সেগুলিকে গোল করে দাগ দিতে হবে। একইরকমভাবে, সব শিক্ষার্থীই তাদেরকে দেওয়া সংবাদপত্রে উপস্থিত তাদের নামের সব বর্ণগুলি খুঁজবে এবং সেগুলিকে গোল করে দাগ দিয়ে রাখবে।

শিক্ষার্থীরা তাদের নামে উপস্থিত বর্ণগুলি খুঁজে বের করার সময় প্রচুর মজা পায়। তারা বিশেষভাবে চমৎকৃত হয় যখন তারা তাদের পুরো নামটিকে ইংরেজিতে কাগজে দেখে ও পুরো শব্দটিকে গোল করে দাগ দিতে পারে। এই অনুশীলনীটি শিক্ষার্থীদেরকে শব্দ থেকে অক্ষরে নিয়ে যাওয়ার জন্য উদ্দিষ্ট এবং এটি সেটি করতে সফলও হয়েছিল। আমি দেখে অবাক হয়েছিলাম যেসব শিক্ষার্থীরা কয়েক মাস আগে ইংরেজি বর্ণ চিনতে পারত না তারা এখন সংবাদপত্র এবং পত্রিকায় শব্দ ও বর্ণের উদাহরণ খুঁজে বের করতে পারছে। সংবাদপত্রের অনুশীলনীটির মাধ্যমে আমি উপলব্ধি করি যে ইংরেজিতে পড়া শিক্ষার্থীদের জন্য মজাদার করা যেতে পারে। একজন শিক্ষক হিসাবে আমার কাছে সবথেকে গুরুত্বপূর্ণ হল, আমি দেখেছি যে একবার শিক্ষার্থীরা ইংরেজিতে পড়া শুরু করলে, তারা ইংরেজিতে লেখা শুরু করতেও ব্যগ্র হয়ে থাকত।

চিন্তার জন্য সাময়িক বিরতি

- আপনি কি হেমরাজ ভট্টাচার্য্যের সিদ্ধান্তের সাথে একমত যে শোনা, কথা বলা এবং পাঠ করা ইংরেজিতে লেখার আগে হওয়া উচিত? কেন বা কেন নয়?
- ভারতে, মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা তাদের নিম্ন প্রাথমিক শ্রেণিগুলি থেকে ইংরেজি পড়ছে- কিন্তু তাদের সংখ্যাগরিষ্ঠই সহজ শব্দ পড়তে অসমর্থ, ইংরেজিতে বাক্য লেখা তো দূরের কথা। ভট্টাচার্য্যের সংবাদপত্রের Activity কীভাবে এই সমস্যাটিকে সমাধান করতে শুরু করে বলে আপনার মনে হয়?
- আপনি কি মনে করেন যে উপরের সংবাদপত্রের অ্যাক্টিভিটিগুলি আপনার শিক্ষার্থীদের সাথে করার চেষ্টা করতে পারেন? যদি আপনার কাছে ইংরেজি সংবাদপত্রের সহজলভ্যতা না থাকে, তাহলে আপনি বিভিন্ন ইংরেজি পাঠ্যবই ব্যবহার করেও এই অ্যাক্টিভিটিটির চেষ্টা করতে পারেন।
- পমাধ্যমিক শিক্ষা পর্ষদের :ব: Bloosoms (VIII) lesson-8–এ অনুরূপ অ্যাক্টিভিটি উপলব্ধ আছে।

অ্যাক্টিভিটি 3: পড়া থেকে লেখায় উদ্বুদ্ধ করা -একটি পরিকল্পনামূলক অ্যাক্টিভিটি
ব্যবহারিক সম্পদ 2-এর অ্যাক্টিভিটিগুলি পড়ুন। এই অ্যাক্টিভিটিগুলির প্রতিটিতে লিখন এবং পাঠ করার মধ্যে একটি সংযোগ রয়েছে। • আপনি আপনার শ্রেণির সাথে করাতে পারবেন বোধ করেন এমন একটি সক্রিয়তাভিত্তিক কাজ বেছে নিন। • অ্যাক্টিভিটিটি থেকে শিক্ষার্থীরা যে লিখবে তা আপনি কীভাবে মূল্যায়ন করবেন? • আপনি রচনার উপর কতটা নজর দেবেন এবং প্রতিলিপিকরণের উপর কতটা? • আপনি কি মনে করেন যে পাঠ করা এবং লেখার মধ্যে সংযোগস্থাপন করা গুরুত্বপূর্ণ?

4 সারসংক্ষেপ

আপনি কীভাবে শিক্ষার্থীদেরকে ইংরেজি লেখায় উন্নতি করতে সাহায্য করতে পারেন এবং তাদের ইংরেজিতে লেখার প্রচেষ্টাগুলিকে মূল্যায়ন করতে পারেন এই ইউনিটটি তারই উপর কেন্দ্রীভূত। ইংরেজিতে লেখা শুরু করতে শিক্ষার্থীদের ইংরেজিতে সাবলীল হওয়ার বা কীভাবে ইংরেজিতে সঠিক বানান করতে হয় তা জানার দরকার নেই। খসড়া রচনা এবং লেখার বারংবার সুযোগের সাথে, শিক্ষার্থীরা ইংরেজি বানান এবং বাক্যের গঠন অভ্যাস করবে।

এই বিষয়ে অন্যান্য প্রাথমিক ইংরেজি শিক্ষক উন্নয়ন ইউনিটগুলি হল:

- *শিখণ সহায়ক পরিবেশ।*
- *চিহ্ন তৈরি এবং পূর্ব লিখন।*

সম্পদসমূহ

সম্পদ 1: নিরীক্ষণ ও মতামত প্রদান

শিক্ষার্থীদের কর্মসম্পাদন ক্ষমতা উন্নত করার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে প্রতিনিয়ত তাদের নিরীক্ষণ ও সাড়া দেওয়া, যাতে তারা জানতে পারে যে তাদের কাছে কি আশা করা হচ্ছে এবং কাজ সম্পূর্ণ হওয়ার পর যাতে তারা শিক্ষকের বাহবা বা মতামত পায়। আপনার গঠনমূলক মতামতের মাধ্যমে তারা তাদের কর্মসম্পাদন ক্ষমতা উন্নত করতে পারে।

নিরীক্ষণ

কার্যকরী শিক্ষকগণ বেশিরভাগ সময় তাঁদের শিক্ষার্থীদের নিরীক্ষণ করেন। বেশিরভাগ শিক্ষক সাধারণত, তাঁদের শিক্ষার্থীরা শ্রেণিতে কী করে তা শুনে ও পর্যবেক্ষণ করে তাদের কাজ নিরীক্ষণ করেন। শিক্ষার্থীদের অগ্রগতি নিরীক্ষণ করা গুরুত্বপূর্ণ কারণ এটা নিম্নলিখিত বিষয়গুলোতে তাদের সাহায্য করে:

- উচ্চতর গ্রেড অর্জন করতে
- তাদের কর্মসম্পাদন ক্ষমতা সম্পর্কে আরও সচেতন হতে এবং তাদের শেখার ক্ষেত্রে আরও দায়িত্বশীল হতে
- তাদের শেখার উন্নতি ঘটাতে
- রাজ্য ও স্থানীয় স্তরে পারদর্শিতার অভিক্ষাগুলোতে কৃতিত্বের পূর্বাভাস করতে।

এটা শিক্ষক হিসাবে আপনাকে আরও যে বিষয়গুলোতে সাহায্য করবে সেগুলো হলো:

- কখন একটি প্রশ্ন জিজ্ঞাসা করা হবে অথবা সংকেত প্রদান করতে হবে
- কখন প্রশংসা করতে হবে
- চ্যালেঞ্জ করা যাবে কিনা
- কেমন করে বিভিন্ন দলের শিক্ষার্থীদের একটি কাজের মধ্যে অন্তর্ভুক্ত করতে হবে
- ভুলগুলি সম্পর্কে কি করা হবে।

শিক্ষার্থীদের অগ্রগতির ওপর স্পষ্ট ও দ্রুত মতামত দেওয়া হলে তারা সব থেকে বেশি উন্নতি করে। নিরীক্ষণ কাজে লাগালে আপনাকে নিয়মিত মতামত দিতে, আপনার শিক্ষার্থীরা কেমন করছে এবং তাদের শেখাকে এগিয়ে নিয়ে যেতে তাদের আর কী কী করা উচিৎ তা তাদের জানাতে সক্ষম করবে।

আপনি যে চ্যালেঞ্জগুলোর সম্মুখীন হবেন তার একটা হল শেখার ক্ষেত্রে তাদের নিজস্ব লক্ষ্য নির্ধারণ করতে শিক্ষার্থীদের সাহায্য করা, যা আত্ম-নিরীক্ষণ নামেও পরিচিত। শিক্ষার্থী, বিশেষভাবে যারা সমস্যার সম্মুখীন থাকে, তারা নিজ শিখন বিষয়ে দায়িত্বশীল হতে অভ্যস্ত থাকে না। কিন্তু আপনি যেকোনো শিক্ষার্থীকে একটা প্রকল্পের জন্য নিজস্ব লক্ষ্য বা উদ্দেশ্য নির্ধারণ করতে, তাদের কাজের পরিকল্পনা করতে ও সময়সীমা ঠিক করতে, এবং তাদের অগ্রগতির আত্ম-নিরীক্ষণ করতে সাহায্য করতে পারেন। এই প্রক্রিয়ার অনুশীলন এবং আত্ম-নিরীক্ষণের দক্ষতা অর্জন তাদের বিদ্যালয়ে এমনকি সারা জীবন ধরে তাদের লাভ দেবে।

শিক্ষার্থীদের কথা শোনা ও তাদেরকে পর্যবেক্ষণ করা

বেশিরভাগ সময় শিক্ষার্থীদের কথা শোনা ও তাদেরকে পর্যবেক্ষণ করা শিক্ষকদের দ্বারা স্বাভাবিকভাবে হয়ে থাকে; এটা একটা সরল নিরীক্ষণ উপকরণ। উদাহরণস্বরূপ, আপনি:

- আপনার শিক্ষার্থীদের উচ্চস্বরে পড়তে শুনতে পারেন
- জুটিতে বা গ্রুপের কাজে আলোচনাগুলো শুনতে পারেন
- শিক্ষার্থীদের বাইরে বা শ্রেণিকক্ষে সম্পদ ব্যবহার পর্যবেক্ষণ করতে পারেন
- তাদের কাজ করার সময় গ্রুপগুলোর দৈহিক ভাষা পর্যবেক্ষণ করতে পারেন।

নিশ্চিত করুন যে আপনার সংগৃহীত পর্যবেক্ষণগুলো শিক্ষার্থীদের শেখা বা অগ্রগতির প্রকৃত প্রমাণ। একমাত্র যা আপনি দেখতে, শুনতে, যাচাই করতে বা গণনা করতে পারেন সেটা নথিবদ্ধ করুন।

শিক্ষার্থীরা কাজ করার সময়, সংক্ষিপ্ত পর্যবেক্ষণমূলক নোট নেওয়ার জন্য শ্রেণিকক্ষের মধ্যে ঘুরুন। কোন শিক্ষার্থীদের আরও বেশি সাহায্য প্রয়োজন তা রেকর্ড করতে এবং কোনও সম্ভাব্য ভুল বোঝাবুঝি নোট করতে আপনি একটা শ্রেণি তালিকা ব্যবহার করতে পারেন। সমগ্র শ্রেণিকে মতামত দিতে অথবা গ্রুপ বা ব্যক্তিদের প্ররোচিত করতে বা উৎসাহ দিতে আপনি এই পর্যবেক্ষণ ও নোটগুলো ব্যবহার করতে পারেন।

মতামত দান

মতামত হল এমন তথ্য যা কথিত লক্ষ্য অথবা আশা করা ফলাফলের পরিপ্রেক্ষিতে শিক্ষার্থী কেমন সম্পাদন করছে সে সম্পর্কে আপনি তাদের দেন। কার্যকরী মতামত শিক্ষার্থীকে প্রদান করে:

- যা ঘটেছে সে সম্পর্কে তথ্য
- কাজ বা দায়িত্ব কতটা ভালভাবে সম্পাদিত হয়েছে তার একটা মূল্যায়ন
- তাদের কর্মসম্পাদন ক্ষমতা কীভাবে উন্নত করা যায় তার নির্দেশিকা।

আপনি যখন প্রতিটি শিক্ষার্থীকে মতামত দেন, তখন তা অবশ্যই তাদেরকে নিচের বিষয়বস্তুগুলো জানতে সাহায্য করে।

- তারা প্রকৃতপক্ষে কী করতে পারে

- তারা এখনও কী করতে পারে না
- তাদের কাজ অন্যদের কাজের তুলনায় কেমন
- তারা কীভাবে উন্নতি করতে পারে।

স্মরণে রাখা গুরুত্বপূর্ণ যে কার্যকরী মতামত শিক্ষার্থীদের সাহায্য করে। আপনার মতামত অস্পষ্ট বা অন্যায্য বলে শিক্ষার্থীর শেখা বাধাপ্রাপ্ত হোক তা আপনি চান না। কার্যকরী মতামত হল:

- গৃহীত কাজের উপর এবং শিক্ষার্থীর প্রয়োজনীয় শেখাকে **লক্ষ্য রেখে করা হয়**
- **স্পষ্ট ও সঠিক**, শিক্ষার্থীদের শেখার কোনটা ভাল আর কোথায় উন্নতি করা দরকার তা তাদের বলা
- **কার্যে পরিণত করতে সক্ষম**, শিক্ষার্থীকে এমন কিছু করতে বলা যেটা তারা করতে পারে
- উপযুক্ত ভাষায় প্রদত্ত যা শিক্ষার্থীরা বুঝতে পারে
- উপযুক্ত সময়ে প্রদত্ত – এটা বেশি তাড়াতাড়ি দেওয়া হলে, শিক্ষার্থী ভাববে 'আমি তো সেটাই করতে যাচ্ছিলাম!'; বেশি দেরি হলে, শিক্ষার্থীর দৃষ্টি অন্যদিকে নিবদ্ধ হতে পারে এবং তাদের যা বলা হবে, তারা ফিরে গিয়ে সেটা করতে চাইবে না।

মতামত মুখেই বলা হোক বা শিক্ষার্থীর খাতায় লেখা থাক, নিম্নলিখিত নির্দেশিকা অনুসরণ করলে এটা আরও কার্যকরী হবে।

প্রশংসা এবং ইতিবাচক ভাষা ব্যবহার

আমাদের যখন প্রশংসা করা হয় ও উৎসাহ দেওয়া হয়, তা সাধারণত আমাদের যখন সমালোচনা করা হয় বা সংশোধন করা হয় তার থেকে অনেক বেশি ভাল লাগে। উৎসাহ দান ও ইতিবাচক ভাষা পুরো শ্রেণি এবং সব বয়সের ব্যক্তিদের জন্য প্রেরণাদায়ক। মনে রাখবেন যে প্রশংসা যেন অবশ্যই নির্দিষ্ট এবং যে কাজ করা হয়েছে তার ওপর হয়, শিক্ষার্থীদের নিজেদের সম্পর্কে নয়, তা না হলে এটা শিক্ষার্থীদের অগ্রগতিতে সাহায্য করবে না। 'শাবাশ' বলাটা নির্দিষ্ট নয়, তাই নিচের মত বলা ভাল:



সংশোধনের পাশাপাশি সংকেতের ব্যবহার

আপনার শিক্ষার্থীদের সঙ্গে আপনার সংলাপ তাদের শেখায় সাহায্য করে। আপনি যদি তাদের বলেন কোনো উত্তর ভুল এবং সেখানেই কথা শেষ করে দেন, তাহলে তাদের ভাবতে দেওয়ার এবং নিজেদের চেষ্টা করতে দেওয়ার সুযোগ হারান। আপনি যদি শিক্ষার্থীদের কোন ইঙ্গিত দেন অথবা তাদের আরও কোন প্রশ্ন করেন, তবে আপনি তাদের আরও গভীরভাবে ভাবতে সাহায্য করেন এবং উত্তর খোঁজার এবং নিজেদের শেখার দায়িত্ব নিতে তাদের উৎসাহ দেন। উদাহরণস্বরূপ, এই ধরনের কথা বলে আপনি আরও ভাল উত্তর দিতে বা একটা সমস্যা ভিন্ন দৃষ্টিকোণ থেকে দেখতে উৎসাহ দিতে পারেন:

অন্যান্য শিক্ষার্থীদেরকে পরস্পরকে সাহায্য করতে উৎসাহ দেওয়া যথাযথ হতে পারে। এরকম মন্তব্য সহ আপনি আপনার প্রশ্নগুলো শ্রেণির বাকিদের সামনে রেখে এটা করতে পারেন যেমন:



বানান বা সংখ্যার অনুশীলনের মত কাজগুলোর ক্ষেত্রে 'হ্যাঁ' বা 'না' দিয়ে শিক্ষার্থীদের সংশোধন করা যথাযথ হতে পারে, কিন্তু এখানেও আপনি শিক্ষার্থীদের উত্তরের মধ্যে উদ্ভূত প্যাটার্ন দেখতে উৎসাহিত করতে পারেন, একই রকম উত্তরগুলোর মধ্যে সংযোগ করে দেখাতে পারেন অথবা নির্দিষ্ট কোন উত্তর ভুল কেন সে সম্পর্কে আলোচনা শুরু করতে পারেন।

স্ব-সংশোধন এবং সমকক্ষের সংশোধন কার্যকরী এবং জুটিতে কাজ করার সময় শিক্ষার্থীদের নিজস্ব ও পরস্পরের কাজ পরীক্ষা করতে বলে আপনি এতে উৎসাহিত করতে পারেন। যাতে খুব বেশি বিভ্রান্তিকর তথ্য না আসে তাই একবারে একটা দিক সংশোধন করার ওপর দৃষ্টি নিবদ্ধ করা সবথেকে ভাল।

সম্পদ 2: লিখন প্রক্রিয়ার উন্নয়নে সক্রিয়তাভিত্তিক কাজ

1. একটি গল্পের একটি চরিত্রের ছবি আঁকুন। এটি আপনার পাঠ্যবই থেকেও হতে পারে, বা সবার জানা কোন গল্প থেকেও হতে পারে। এর সম্পর্কে ইংরেজিতে পাঁচটি বা ছটি বাক্য লিখুন।
2. একটি অর্থবহ অনুচ্ছেদ তৈরি করতে এলোমেলো করা প্রদত্ত বাক্যগুলিকে আবার লিখুন।
3. যে কোন বিষয়ের একটি সাম্প্রতিক পাঠের সারসংক্ষেপ করে এবং সেটির বর্ণনা দিয়ে একটি অনুচ্ছেদ লিখুন।
4. কোন গল্প বা কবিতার উপর ভিত্তি করে একটি বুকমার্ক তৈরি করুন। বুকমার্কটির একটি দিকে ছোট একটি সারাংশ লিখুন বা একটি চরিত্র আঁকুন। অন্যদিকে, গল্পটির শিরোনাম এবং লেখকের নাম লিখুন।
5. একটি বইয়ের লেখককে একটি চিঠি লিখুন। (যদি লেখক জীবিত হন, তাহলে আপনি রাজ্যপর্ষদের পাঠ্যবই কমিটি থেকে ঠিকানা খুঁজে বের করতে পারেন এবং কিছু শিক্ষার্থীর চিঠিগুলি তাঁদেরকে ডাকে পাঠিয়ে দিতে পারেন। (
6. (বয়স্ক শিক্ষার্থীদের জন্য) নিচু শ্রেণির শিক্ষার্থীদের জন্য একটি গল্পের উপর ভিত্তি করে একটি বড় বই বানান।
7. যে কোন বিষয়ে কোন সাম্প্রতিক পাঠের উপর ভিত্তি করে কমপক্ষে দশটি প্রশ্ন নিয়ে একটি ইংরেজি কুইজ তৈরি করুন। এটি শিখনকে শক্তিশালী করার পাশাপাশি লেখা অভ্যাস করতেও সাহায্য করে। কুইজের উত্তর দেওয়ার চেষ্টা করার পরে, শিক্ষার্থীদেরকে কাগজগুলি বিনিময় করতে এবং একে অপরের সাথে কাজগুলি মিলিয়ে দেখতে বলুন।
8. শিক্ষার্থীদেরকে একটি গল্প বলুন কিন্তু তাদেরকে শেষটুকু বলবেন না। শেষে কী ঘটল তা তাদেরকে আন্দাজ করতে এবং এটি লিখতে বলুন। মনে রাখবেন, একটি গল্পের কোন ভুল বা সঠিক সমাপ্তি নেই।
9. শিক্ষার্থীদের একটি ছোট বস্তু শ্রেণিকক্ষে নিয়ে আসতে বলুন, যেমন পেনসিল, বাক্স, পাতা ইত্যাদি। শ্রেণিটিকে পাঁচ বা ছয় জনের দলে ভাগ করে দিন। তাদের আনা সব বস্তুগুলি দলটির মাঝখানে রাখা আছে। দশ মিনিটের একটি সীমাসহ, প্রতিটি দল তাদের আনা বস্তুগুলির উপর ভিত্তি করে একটি সম্ভাব্য গল্প আলোচনা করবে। তারপরে তারা গল্পটি লিখবে (যা কমপক্ষে পাঁচ থেকে ছয় লাইন দীর্ঘ হওয়া উচিত)। প্রতিটি দল থেকে একজন শিক্ষার্থী শ্রেণিকে গল্পটি বলবে। সেরা গল্প হবে সেইটি যেটিতে দলটির আনা সব বস্তুগুলি অন্তর্ভুক্ত থাকবে।

10. শ্রেণিটিকে পাঁচজনের দলে ভাগ করে দিন। প্রত্যেক দলের কাছে লিখবার জন্য একটুকরো কাগজ এবং কমপক্ষে একটি পেনসিল থাকবে। আগে থেকে আলোচনা করা ছাড়াই, দলটি একটি গল্প নিয়ে হাজির হবে, যেখানে দলের প্রত্যেকটি শিক্ষার্থী একেকবারে একটি বাক্যের লিখবে । প্রতিটি দলে একজন শিক্ষার্থীকে 'শুরুর ব্যক্তি' হিসাবে বেছে নিন। শুরুর ব্যক্তি কাগজের টুকরোটিতে একটি বাক্য লেখে, যা তারপরে দলের পরের শিক্ষার্থীর কাছে যায়। দ্বিতীয় শিক্ষার্থী আরেকটি বাক্য দেয় যা ইতিমধ্যেই সেখানে থাকা বাক্যটির সাথে মিশে যায়। গল্পটি সম্পূর্ণ না হওয়া পর্যন্ত কাগজটি ঘুরতে থাকে। যে কেউ যে কোন সময়ে সিদ্ধান্ত নিতে পারে যে গল্পটির আর অগ্রগতি হতে পারে না। যদি অন্যরাও সম্মত হয়, তাহলে দলটি একজন ভিন্ন শুরুর ব্যক্তিকে একটি নতুন বাক্যের সাথে একটি নতুন গল্প- বা প্রথম গল্পের পরবর্তী অধ্যায়ের জন্য বেছে নেয়।

অতিরিক্ত ব্যবহারিক সম্পদসমূহ

- RVEC Bangalore: http://www.rvec.in/
- Teachers of India classroom resources: http://www.teachersofindia.org/en

তথ্যসূত্র/গ্রন্থতালিকা

Bhatt, H. (2009) 'Reading and learning: my experiments in my village school', *Learning Curve*, no. 13, pp. 34–6. Available from: https://www.yumpu.com/en/document/view/9502104/learning-curve-issue-xiii-azim-premji-foundation/35 (accessed 8 July 2014).

Dombey, H. and Moustafa, M. (1998) *Whole to Part Phonics: How Children Learn to Read and Spell*. London: Centre for Literacy in Primary Education.

Graham, J. and Kelly, A. (2012) *Reading under Control: Teaching Reading in the Primary School*, 3rd edn. London: Routledge.

Graves, D. (1994) *A Fresh Look at Writing*. Portsmouth: Heinemann.

Graves, D. (2003) *Writing: Teachers and Children at Work*. Portsmouth: Heinemann.

O'Sullivan, O. (2007) *Understanding Spelling*. London: Centre for Literacy in Primary Education.

Smith, F. (1994) *Writing and the Writer*. London: Routledge.

কৃতজ্ঞতাস্বীকার

তৃতীয় পক্ষের উপাদানগুলি ব্যতীত এবং অন্যথায় নীচে বর্ণিত না থাকলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ হয় (http://creativecommons.org/licenses/by-sa/3.0/)। নীচে স্বীকৃত উপাদানটি মালিকানাধীন এবং এই প্রকল্পের লাইসেন্সের অধীনে ব্যবহার করা হয় এবং ক্রিয়েটিভ কমনস লাইসেন্সের বিষয়বস্তু নয়। এর অর্থ এই উপাদানটি কেবল মাত্র TESS-ইন্ডিয়া প্রকল্পে গ্রহণ না করেই ব্যবহার করতে পারা যায়, কোনও পরবর্তী OER সংস্করণগুলিতে পারা যায় না। এর মধ্যে TESS-ইন্ডিয়া, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার অন্তর্ভুক্ত।

এই ইউনিটে উপাদানটি পুনরুৎপাদনে অনুমোদন প্রাদনের জন্য নিম্নলিখিত উৎসগুলির প্রতি কৃতজ্ঞতা স্বীকার করা হয়:

চিত্র 3: মৈথিলি রামচন্দের দ্বারা প্রদত্ত।) Figure 3: provided by Mythili Ramchand.(

চিত্র 4 এবং 5: http://esol.coedu.usf.edu/ থেকে নেওয়া।) Figures 4 and 5: extract from http://esol.coedu.usf.edu/.(

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।